



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

এডহক কমিটি সংক্রান্ত স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ-এর ১৬/০৩/২০২৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১ এর জারিকৃত পরিপত্রে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এডহক কমিটি গঠনের বরিশাল শিক্ষাবোর্ডের ২৯.০৩.২০২৬খ্রি. বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্ত বিষয়গুলো সতর্কতার সাথে অনুসরণ করার অনুরোধ করা হলো।

১. শিক্ষক প্রতিনিধি: সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্য থেকে একজন শিক্ষককে জেলা শিক্ষা অফিসার মনোনয়ন প্রদান করবেন।

২. অভিভাবক প্রতিনিধি: সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্য থেকে একজন অভিভাবককে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার মনোনীত করবেন এবং জেলা সদরের প্রতিষ্ঠানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক এই মনোনয়ন প্রদান করবেন।

৩। সভাপতি মনোনয়ন: সভাপতি মনোনয়ন ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান তিনজন যোগ্য ব্যক্তির নাম এবং তাদের জীবনবৃত্তান্ত-

- মহানগর এলাকার জন্য বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করতে হবে।
- অন্যান্য এলাকার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে।

৪। চূড়ান্ত মনোনয়ন: চূড়ান্ত মনোনয়নের অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক প্রদেয় ৩ জন সভাপতির নামের তালিকার পত্র সংশ্লিষ্ট স্কুলের প্যানেল থেকে অনলাইনে শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

৫। কোনো প্রতিষ্ঠান এডহক কমিটির অনুমতিপত্র যে তারিখে পাবে, অভিভাবক সদস্য, জেলা মাধ্যমিক শিক্ষা শিক্ষক প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক প্রদেয় ৩ জন সভাপতির নামের তালিকার পত্র সেই তারিখের পরের যে কোনো তারিখ হতে হবে।

৬। অনলাইনে এডহক কমিটি সাবমিট করার সময় নিম্নোক্ত এটাচমেন্টগুলো pdf করে সঠিকভাবে দিতে হবে। সভাপতির ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক পত্র এবং প্রস্তাবিত সভাপতিবৃন্দের স্নাতক পাশের সনদপত্র দিতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত অভিভাবক সদস্যের নামের পত্র :	<input type="button" value="Browse..."/>
জেলা শিক্ষা অফিসার কর্তৃক শিক্ষক সদস্যের নামের পত্র :	<input type="button" value="Browse..."/>
প্রস্তাবিত সভাপতির নামের বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক এর পত্র :	<input type="button" value="Browse..."/>

৭। অনলাইনে যে কোনো আবেদনের সময় আবেদনের শেষে 'প্রধান শিক্ষক' এর নিচে বিদ্যালয়ের নাম (EIIN) সহ, উপজেলা, জেলা, প্রধান শিক্ষকের মোবাইল নাম্বার লিখতে হবে। কারণ বিদ্যালয় কর্তৃক এই লেখাটাই যেকোনো পত্রের প্রাপক হিসেবে যায়। সুতরাং এখানে ভুল/অসম্পূর্ণ হলে প্রাপকের ঠিকানাও ভুল/অসম্পূর্ণ হবে।

উদাহরণস্বরূপ:

প্রধান শিক্ষক

পানপট্টি মাধ্যমিক বিদ্যালয় (১০২২৪২)

গলাচিপা, পটুয়াখালী।

মোবাইল নাম্বার: (EIIN ভিত্তিক নাম্বার ছাড়া অন্য এক্টিভ নাম্বার)

৮। যে সকল বিদ্যালয় EIIN ভিত্তিক মোবাইল নাম্বার ব্যবহার করে না সে সকল বিদ্যালয়কে আগামী ১ মাসের মধ্যে EIIN ভিত্তিক মোবাইল নাম্বার চালু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

✓
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল